

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১৪.১৯.৪৭

তারিখ: ২৪ ফেব্রু ১৪২৫

০৭ এপ্রিল ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৩২৯৭/২০০৭ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৩.০৪.২০০৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মোঃ জয়নুল আবেদীন, পিতা: মৃত হাফেজ মোঃ মুসলেহ উদ্দীন, অধ্যক্ষ, তামিবিুল মিল্লাত কামিল মাদরাসা, মীর হাজিরবগ, খানবাড়ি ডেমরা, ঢাকা-১২০৪ কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৩২৯৭/২০০৭ দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ এবং আর্জি পর্যালোচনা করে দেখা যায় যে, ২০০৭ সালের দাখিল পরীক্ষার প্রসিদ্ধির কারণে মাদরাসাটির কেন্দ্র বাতিল করা হয়। এতে সংশ্লিষ্ট হয়ে অধ্যক্ষ কর্তৃক শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা/১০/১৪(৪)/২০০৪/২২৫, তারিখ: ২১.০৩.২০০৭ খ্রি: এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-পসী/স-৩৭/১৬/কেন্দ্র-১০৩, তারিখ: ২১.০৩.২০০৭ খ্রি:-কে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৩২৯৭/২০০৭ দায়ের করা হয়েছে।

০৩. রিট পিটিশন নং-৩২৯৭/২০০৭ মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্টসহ মোট ০৫ (চার) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (Affidavit in opposition) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না, মামলাটির শুনানী হয়ে কোন রায় হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; মামলাটি বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য তা জনা প্রয়োজন।

০৫. এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয় এবং বর্ণনা বিবেচনাক্রমে রিট পিটিশন নং-৩২৯৭/২০০৭ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণক্রমে গৃহীত আইনী কার্যক্রমের তথ্য আগামী ৩০.০৪.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ড. মোঃ মহাম্মদ হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১৪.১৯.৪৭/১(৭)

তারিখ: ২৪ ফেব্রু ১৪২৫
০৭ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের প্রকৃত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুমোদনসহ)

৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) অফিস কপি, মাস্টার কপি



২-৪-২০২১

ড. মো: মহাবুব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)